শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**পল্লী সঞ্চয় ব্যাংক**
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

# প্রেস রিলিজ

## পল্লী সঞ্চয় ব্যাংক এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর

দেশের সমৃদ্ধ ইকোসিস্টেম ব্যবহার করে পল্লী অঞ্চলের সকল বাড়িকে কৃষি খামারে রূপান্তর, কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি, উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ এবং বিপণনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর একটি অনন্য উদ্যোগ হচ্ছে একটি বাড়ি একটি খামার কর্মসূচি। এ কর্মসূচি বাস্তবায়নের জন্য একটি বাড়ি একটি খামার প্রকল্প ২০০৯-২০১৬ মেয়াদে বাস্তবায়ন করা হয়। এ প্রকল্পের আওতায় ৪০২১৫টি সমিতির মাধ্যমে প্রায় ২২ লক্ষ পরিবারকে সংগঠিত করা হয়। সংগঠিত সদস্যবৃন্দের মধ্যে সঞ্চয় প্রবণতা বৃদ্ধির জন্য মাসিক সর্বোচ্চ ২০০ টাকা সঞ্চয়ের বিপরীতে সমপরিমাণ টাকা ইনসেনটিভ প্রদান করা হয়। সুবিধাবঞ্চিত জনগণের মধ্যে সঞ্চয় তথা মাইক্রোসেভিংস প্রবণতা বৃদ্ধির জন্য ইনসেনটিভ প্রদান এ প্রকল্পের একটি নজিরবিহীন ও অনন্য গুরুত্বপূর্ণ অঙ্গ। তাছাড়া, প্রতি সমিতিতে কৃষির বিভিন্ন বিষয়ে দক্ষ জনবল সৃষ্টির জন্য প্রশিক্ষিত স্বেচ্ছাকর্মী সৃজন, প্রদর্শনী খামার তৈরী, স্বল্প সুদে মৌসুমী ঋণ প্রদান, উৎপাদিত পণ্য প্রক্রিয়াকরণ এবং বিপনণের জন্য পরিচালিত এ প্রকল্পের কার্যক্রম ইতোমধ্যে মাঠ পর্যায়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি করে। সংগঠিত পরিবারে মাইক্রোসেভিংস প্রবণতা বৃদ্ধি এবং ক্ষুদ্র ক্ষুদ্র কৃষি খামার গড়ে ওঠায় একটি বাড়ি একটি খামার প্রকল্পের অর্জনকে ধারণ করা এবং একটি বাড়ি একটি খামার কর্মসূচি অব্যাহত রাখা ও সম্প্রসারণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪-এর আওতায় পল্লী সঞ্চয় ব্যাংক নামে একটি বিশেষায়িত ব্যাংক সৃষ্টি করা হয়। বিগত ২২/০৬/২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ১০০টি উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের শাখার সদয় উদ্বোধন করেন। সে ধারাবাহিকতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের অনুমোদনে অপর ৩৮৫টি উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম শুরু করা হয়।

ইতোমধ্যে একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম আরও সুবিধাবঞ্চিত মানুষের মধ্যে সম্প্রসারণের প্রয়োজন হওয়ায় সংশোধিত প্রকল্প অনুযায়ী নতুন করে ৬০০০০ সমিতি গঠন করে আরও ৩৫ লক্ষ পরিবারে প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্ত নেয়া হয় এবং প্রকল্পের মেয়াদ জুন, ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়। সংশোধিত প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি পল্লী সঞ্চয় ব্যাংক পরিচালনার জন্য আইন সংশোধন এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেন। সে প্রয়োজনে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ৩৯ ধারার সংশোধনী জারী করা হয়। উক্ত সংশোধিত ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক প্রকল্প বিলুপ্ত হওয়ার পূর্ব মেয়াদ পর্যন্ত উক্ত প্রকল্পের জনবল, সম্পদ ও অন্যান্য বিষয়াদি, প্রকল্প ও ব্যাংকের মধ্যে পারস্পারিক সম্মতিতে সম্পাদিত সমঝোতা স্মারক বা চুক্তি অনুযায়ী আদান প্রদান বা স্থানান্তরের মাধ্যমে ব্যাংকের কর্ম সম্পাদন করার ব্যবস্থা রাখা হয়েছে।

উক্ত সংশোধিত ধারার বিধান অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের ৪৮৫টি শাখা পরিচালনার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক ও একটি বাড়ি একটি খামার প্রকল্পের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় একটি সমঝোতা চুক্তি অদ্য ২২.০৩.২০১৭ তারিখে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিতে একটি বাড়ি একটি খামার প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব আকবর হোসেন এবং পল্লী সঞ্চয় ব্যাংকের পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মুঈন উদ্দীন স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ব্যাংকের চেয়ারম্যান ড. মিহির কান্তি মজুমদার এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ ইউনুসুর রহমানসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২২.০৩.১৭
(মোঃ মুঈন উদ্দীন)
উপব্যবস্থাপনা পরিচালক